

অধিকর্তা
জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী - ৬২০৫



Dean
Faculty of Life & Earth Sciences
Rajshahi University
Rajshahi - 6205
e-mail: dfles@yahoo.com

Phone: 0721-711157 Fax: 0721-750064

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে D-ইউনিট-এর (জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ এবং কৃষি অনুষদ) ওয়ার্ড কোটায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের পুত্র/কন্যার জন্য নির্ধারিত কোটায় ভর্তির নিমিত্তে D-ইউনিট-এর (জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ এবং কৃষি অনুষদ) (Group-1, Group-2 এবং Non-Science Group-1, Group-2) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ২২.১১.২০১৮ বৃহস্পতিবার সকাল ১০.০০ থেকে বিকেল ৪.০০ পর্যন্ত জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

ক) কোন পরীক্ষার্থী নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে সাক্ষাৎকারে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে কোনক্রমেই তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

খ) সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদেরকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) ১৮.১১.২০১৮ তারিখের মধ্যে "Subject Choice Form" পূরণ করে প্রিন্ট নিতে হবে। নির্ধারিত সময়ে "Subject Choice Form" পূরণ না করলে ২২.১১.২০১৮ অনুষ্ঠিত সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবে না।


গ) সাক্ষাৎকারের সময় পরীক্ষার্থীদেরকে নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি অবশ্যই দেখাতে হবে, অন্যথায় তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য নির্বাচিত বলে গণ্য হবে।

১. পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (Candidate copy)।
২. এস.এস.সি./সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড।
৩. পূরণকৃত "Subject (Department) Choice Form" [বিষয় পছন্দক্রম ফরম]- এর কপি।

ঘ) সাক্ষাৎকার গ্রহণের পর বিভিন্ন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ২৪.১১.২০১৮ তারিখের মধ্যে জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ Subject (Department) Choice Form পূরণে বিবেচ্য বিষয়সমূহঃ

১. বিজ্ঞান গ্রুপের যে সকল প্রার্থী এইচ.এস.সি.-তে জীববিজ্ঞান ছিল এবং ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশের জীববিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা D-ইউনিটভুক্ত ১১টি বিভাগেই ভর্তির জন্য "বিষয় পছন্দক্রম ফরম" পূরণ করতে পারবে।
২. যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশের গণিত বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, ভূতত্ত্ব ও খনিবিদ্যা, এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।
৩. যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশ মনোবিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা মনোবিজ্ঞান এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে এবং যারা ভূগোল বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে ভর্তি হতে পারবে।
৪. অ-বিজ্ঞান গ্রুপের পরীক্ষার্থীরা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।



(প্রফেসর ড. এম. নজরুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

D-ইউনিট, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

ও

ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়